

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪২৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪০. বিতর সালাতের দু'আ কুনৃত প্রসঙ্গে

باب الْقُنُوتِ فِي الْوِتْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، وَأَحْمَدُ بْنُ جَوَّاسٍ الْحَنَفِيُّ، قَالَا حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي مَرْيَمَ، عَنْ أَبِي الْحَوْرَاءِ، قَالَ : قَالَ الْحَسَنُ بْنُ عَلِي رضى الله عنهما عَلَّمَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَلِمَاتٍ أَقُولُهُنَّ فِي الْوِتْرِ، قَالَ ابْنُ جَوَّاسٍ فِي قُنُوتِ الْوِتْرِ " اللَّهُمَّ اهْدِنِي فِيمَنْ هَدَيْتَ وَعَافِنِي فِيمَنْ عَافَيْتَ وَتَوَلَّنِي فِيمَنْ عَافَيْتَ وَلَا يُقْضَى عَلَيْكَ وَإِنَّهُ لَا يَدْلُ مَنْ وَالَيْتَ وَلَا يُعْرَى مَنْ عَادَيْتَ تَبْارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ " .

_ صحيح

বাংলা

১৪২৫। আবুল হাওরা (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আল-হাসান ইবনু 'আলী (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে এমন কতগুলো বাক্য শিখিয়েছেন, যা আমি বিতর সালাতে পাঠ করে থাকি। তা হলোঃ

"آللَّهُمَّ اهْدِنِيْ فِيْمَنْ هَدَيْتَ، وَعَافِنِيْ فِيْمَنْ عَافَيْتَ، وَتَوَلَّنِيْ فِيْمَنْ تَوَلَّيْتَ، وَبَارِكْ لِيْ فِيْمَنْ عَافَيْتَ، وَقَنِيْ شَرَّمَا قُضَيْتَ؛ إِنَّكَ تَقْضِيْ وَلاَ يُقْضَى عَلَيْكَ، وَإِنَّهُ لاَ يَذِلُّ مَنْ وَّالَيْتَ، وَلاَ يَعِزُّ مَنْ عَادَيْتَ، تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ".

অর্থ: "হে আল্লাহ! আপনি যাদেরকে সুখদায়ক সৎ পথ প্রকৃত ইসলামের অনুগামী করেছেন, আমাকেও তাদের অন্তর্ভুক্ত করুন। আপনি যাদেরকে সুখশান্তিপূর্ণ মঙ্গলময় জীবন প্রদান করেছেন, আমাকেও তাদের অন্তর্ভুক্ত করুন। আপনি যাদেরকে সর্ব প্রকার কল্যাণ প্রদানের সহিত সাহায্য করেছেন, আমাকেও তাদের অন্তর্ভুক্ত করুন। আপনি আমাকে যে সমস্ত মঙ্গলদায়ক জিনিস প্রদান করেছেন, সেগুলিকে আমার জন্য অধিকতর মঙ্গলদায়ক করুন। আপনি যে ফয়সালা করেছেন, তার অমঙ্গল হতে আমাকে রক্ষা করুন। কেননা সব জগতের সঠিক



পরিচালনার জন্য যে ফয়সালা আপনি করেছেন, সেটাই সঠিক ফয়সালা। তাই আপনার ফয়সালার উপরে আর কোনো প্রকারের সঠিক ফয়সালা নেই। আপনি যাকে ভালো বাসবেন, সে কোনো দিন অপমানিত হতে পারে না। আর আপনি যার জন্য অমঙ্গল নির্ধারণ করবেন, সে কোনো দিন শক্তিশালী হতে পারবে না। হে আমাদের প্রতিপালক! আপনি মহাকল্যাণময় এবং মহামহিমান্বিত"।

''আল্লাহ্মাহদিনী ফীমান হাদাইতা ওয়া'আ-ফিনী ফীমান 'আ-ফাইতা ওয়া তাওয়াল্লানী ফীমান তাওয়াল্লাইতা ওয়া বা-রিক লী ফীমা আ'তাইতা ওয়াকিনী শাররা মা কাদাইতা, ইন্নাকা তারুদী ওয়ালা ইউকদা 'আলাইকা ওয়া ইন্নাহ্ লা ইয়াযিল্পু মান ওয়ালাইতা ওয়ালা ইয়াইযু মান 'আ-দাইতা তাবা-রাকতা রববানা ওয়া তা'আলাইতা।"[1]

সহীহ।

English

Narrated Al-Hasan ibn Ali:

The Messenger of Allah (ﷺ) taught me some words that I say during the witr. (The version of Ibn Jawwas has: I say them in the supplication of the witr.) They were: "O Allah, guide me among those Thou hast guided, grant me security among those Thou hast granted security, take me into Thy charge among those Thou hast taken into Thy charge, bless me in what Thou hast given, guard me from the evil of what Thou hast decreed, for Thou dost decree, and nothing is decreed for Thee. He whom Thou befriendest is not humbled. Blessed and Exalted art Thou, our Lord."

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ বিতরের কুনৃত, হাঃ ৪৬৪, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান), ইবনু মাজহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ বিতরের কুনৃত, হাঃ ১১৭৮), নাসায়ী (অধ্যায় : किয়ামুল লাইল, হাঃ ১৭৪৪), দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ দু'আয়ে কুনৃত, হাঃ ১৫৯৩), আহমাদ (১/১৯৯) শায়খ আহমাদ শাকির বলেন : এর সানাদ সহীহ। বুরাইদাহ ইবনু আবু মারইয়াম একজন বিশ্বস্ত তাবেঈ। ইবনু খুযাইমাহ (হাঃ ১০৯৫)।

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। নামাজের মধ্যে দাঁড়িয়ে থাকা অবস্থায় একটি নির্দিষ্ট সময়ে ও স্থানে দোয়া পাঠ করাকে কুনূতের দোয়া বলা হয়। বেতর নামাজে কুনূতের দোয়া পাঠ করার বিষয়টি আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] থেকে



নির্ভরযোগ্য পন্থায় সাব্যস্ত হয় নি। তবে তিনি আল হাসান বিন আলী [রাদিয়াল্লাহু আনহুমা] কে বেতর নামাজের কুনূতে পাঠ করার জন্য এই দোয়াটি শিখিয়ে দিয়েছেন। তাই মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন বেতর নামাজে কুনূতের এই দোয়াটি কোনো কোনো সময় পাঠ করে।

২। বেতর নামাজের শেষ রাকাতে রুকূর পূর্বে অথবা রুকূ থেকে উঠার পর, উভয় অবস্থায় কুনূতের দোয়া পাঠ করা জায়েজ। কুনূতের দোয়াটি হলো এই যে,

"آللَّهُمَّ اهْدنِيْ فِيْمَنْ هَدَيْتَ، وَعَافِنِيْ فِيْمَنْ عَافَيْتَ، وَتَوَلَّنِيْ فِيْمَنْ تَوَلَّيْتَ، وَبَارِكْ لِيْ فِيْمَنْ عَافَيْتَ، وَقَنِيْ شَرَّمَا قُضَيْتَ؛ إِنَّكَ تَقْضِيْ وَلاَ يُقْضَى عَلَيْكَ، وَإِنَّهُ لاَ يَذِلُّ مَنْ وَّالَيْتَ، وَلاَ يَعِزُّ مَنْ عَادَيْتَ، تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হাসান ইবনু আলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন